তারেক রহমানকে ফিরিয়ে আনতে আইনি প্রক্রিয়া চলছে: কাদের

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে দেশে ফিরিয়ে আনতে আইনি প্রক্রিয়া চলছে বলে জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।

আওয়ামী লীগের সাবেক মহিলা বিষয়ক সম্পাদক এবং মহিলা আওয়ামী লীগের সাবেক সভাপতি আইভি রহমানের ১৫তম শাহাদতবার্ষিকীতে শনিবার সকালে রাজধানীর বনানী কবরস্থানে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান।

ওবায়দুল কাদের বলেন, ‘২১ আগস্টের গ্রেনেড হামলার মাস্টারমাইন্ড বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে ফিরিয়ে এনে সর্বোচ্চ শাস্তি দেয়া হবে। একইভাবে মাস্টারমাইন্ডদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করতে আদালতে আপিল করা হবে।’

অপরাধীদের মাস্টারমাইন্ডদের বিচার হওয়া দরকার– একথা উল্লেখ করে তিনি বলেন, তারেক রহমানকে ফিরিয়ে আনতে আইনি প্রক্রিয়া চলছে। সরকার তাকে ফিরিয়ে আনতে সর্বাত্মক চেষ্টা করছে। এ ব্যাপারে আইন মন্ত্রণালয় কাজ করছে।

এ প্রসঙ্গে সেতুমন্ত্রী আরও বলেন, ‘২১ আগস্ট গ্রেনেড হামলা মামলার রায় হয়েছে। এখন উচ্চ আদালাতে শুনানি হবে। সেজন্য পূর্ণাঙ্গ রায়ের জন্য আমাদের অপেক্ষা করতে হবে।’

প্রয়াত আইভি রহমান সম্পর্কে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, গণতন্ত্রের সংগ্রামে আইভি রহমান ছিলেন আপোষহীন। তিনি ছিলেন বাংলাদেশের রাজনীতিতে নারীদের একজন নক্ষত্র।

তিনি বলেন, গ্রেনেড হামলায় আইভি রহমান রক্তাক্ত অবস্থায় কাতরাচ্ছিলেন। কিন্তু সময়মতো চিকিৎসা পাননি। চিকিৎসায় বিলম্ব না হলে হয়তো তিনি বেঁচে যেতেন।

অন্যদের মধ্যে শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন, নৌ- পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী, ধর্ম প্রতিমন্ত্রী শেখ মো. আব্দুল্লাহ ও স্থানীয় সংসদ সদস্য আকবর হোসেন পাঠান,

আওয়ামী লীগের উপদেষ্টামণ্ডলীর সদস্য ইনাম আহমেদ চৌধুরী, যুগ্ম-সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফ, জাহাঙ্গীর কবির নানকসহ আওয়ামী লীগের কেন্দ্রীয় ও ঢাকা মহানগরের নেতারা এ সময় উপস্থিত ছিলেন।